

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 05-05-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

পুর নিগম :

আগরতলা পুর নিগমের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট আজ পাশ করানো হবে। অধিবেশন শুরু হবে সকাল ১১ টায়। উল্লেখ্য গত ২৩শে এপ্রিল মেয়র দীপক মজুমদার, ৪৭৫ কোটি ৮৩ লক্ষ টাকার বাজেট পেশ করেছিলেন যার মধ্যে ঘাটতি ধরা হয়েছে ৭২ লক্ষ ২ হাজার টাকা।

C.M visit of AMC area:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলা পুর নিগমের ১৬, ২০ ও ৩২ নম্বর ওয়ার্ড এলাকার বিভিন্ন উন্নয়ন কাজ সরেজমিনে পরিদর্শন করেন। তাঁর সঙ্গে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ পুর কাউন্সিলরগন ও বিভিন্ন দপ্তরের আধিকারীকরা উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী শহরের বিভিন্ন জায়গায় যে পাকা নর্দমা ও কভার ড্রেন তৈরির কাজ হচ্ছে তা পরিদর্শন করেন এবং কাজের গুণগতমান বজায় রাখার ব্যপারে আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দেন।

PM Khelo India:

ভারত ২০৩৬ সালে অলিম্পিক গেমস-এর আয়োজন করতে চলেছে। গতকাল এক ভিডিও বার্তার মাধ্যমে বিহার খেলো ইন্ডিয়া যুব গেমস ২০২৫-এর ৭ম সংস্করণের উদ্বোধন করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একথা বলেন। তিনি আরও

বলেন, সরকার দেশে একটি ক্রীড়া সংস্কৃতি গড়ে তুলেছে এবং যুবা ক্রীড়া প্রতিভাদের তুলে আনার জন্য সারা দেশে ১,০০০ -এরও বেশী খেলো ইন্ডিয়া সেন্টার স্থাপন করা হয়েছে। উল্লেখ্য, পার্টনার পার্টলিপুত্র স্পোর্টস কমপ্লেক্সে আয়োজিত এই গেমসের উদ্বোধনী অনুষ্ঠানে গতকাল কেন্দ্রীয় ক্রীড়মন্ত্রী ড: মনসুখ মান্ডবীয়া, বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার প্রমুখ বক্তব্য রাখেন।

Pradhanmantri Suryaghar Yozana:

পিএম সূর্যঘর মুফত বিজলী যোজনা রাজ্যে ‘বিদ্যুৎ স্বনির্ভরতার এক নতুন যুগের সূচনা’ করেছে। এই প্রকল্পে, গ্রাহকরা নিজ বাড়িতে সোলার প্লেইট বসিয়ে বিদ্যুৎ উৎপাদন করে যেমন ব্যবহার করতে পারবেন, তেমনিভাবে উদ্বৃত্ত বিদ্যুৎ নিগমের কাছে বিক্রিও করতে পারবেন। বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ গতকাল এ খবর দিয়ে জানান, জ্বালানী সঙ্কটের বাস্তবতায় নবায়ন যোগ্য শক্তিই ভবিষ্যতের ভরসা যা সৌর শক্তির উপর নির্ভরশীল। এই প্রকল্পে ১ কিলোওয়াট সৌর প্যানেল বসাতে খরচ হবে ৬৫ থেকে ৭৫ হাজার টাকা যার মধ্যে কেন্দ্রীয় সরকার, ৩৩ হাজার টাকা ভর্তুকির ব্যবস্থা রেখেছে। ২ কিলোওয়াটে ভর্তুকি দেওয়া হবে ৬৬ হাজার টাকা। ভর্তুকি ছাড়া যে টাকা গ্রাহককে দিতে হবে, তা তিনি প্রয়োজনে ৭ শতাংশ সুদে ব্যাঙ্ক থেকে ঋণ নিতে পারবেন। ২০২৭ সালের মার্চের মধ্যে এই প্রকল্পে ৫০ হাজার গ্রাহককে আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

Parcel Train:

আগরতলা থেকে পাঞ্জাবের সানোয়াল পর্যন্ত পার্সেল ট্রেন গতকাল চালু হয়েছে। আগরতলা রেল স্টেশনে পার্সেল ট্রেন চালুর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর পূর্ব রেলের লামডিং ডিভিশনের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার সমীর লোহানি প্রমুখ।

DRUG-Arrest:

নেশা বিরোধী অভিযানে নেমে পুলিশ গতকাল লালছড়া এলাকা থেকে তিন নেশা কারবারিককে গ্রেপ্তার করেছে। খোয়াই ওসি জানিয়েছেন, খোয়াই মহকুমা জুড়ে নেশা সামগ্রী ক্রেতা ও বিক্রেতাদের বিরুদ্ধে পুলিশের অভিযান চলছে।

Waves:

এবারে ওয়েভস ২০২৫-এর খবর।

#####Sound Byte#####

প্রথম বিশ্ব দৃশ্য-শ্রাব্য এবং বিনোদন সম্মেলন ওয়েভস ২০২৫ গতকাল মুম্বাইয়ে শেষ হয়েছে। এই সম্মেলনে ৯০ টিরও বেশি দেশ থেকে দশ হাজারেরও বেশি প্রতিনিধি অংশগ্রহণ করেছেন। গত বৃহস্পতিবার চার দিনব্যাপী এই সম্মেলনের সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। 'কানেক্টিং ক্রিয়েটরস, কানেক্টিং কান্ট্রিজ' ট্যাগলাইন সহ এই সম্মেলন ভারতকে মিডিয়া, বিনোদন এবং ডিজিটাল উদ্ভাবনের জন্য একটি বৈশ্বিক কেন্দ্র হিসেবে তুলে ধরেছে। এই সম্মেলনকে কেন্দ্র করে চলচ্চিত্র, সঙ্গীত, রেডিও, ভিএফএক্স, এবং অ্যানিমেশন সেক্টর জুড়ে ৮০০ কোটি টাকারও বেশি ব্যবসায়িক লেনদেন নথিভুক্ত হয়েছে।

CPIM:

কাজ খাদ্য বকেয়া মজুরি ও রেশনে নিত্যপণ্য নিয়মিত সরবরাহের দাবিতে সিপিআইএমের উদ্যোগে সদরের কালিবাজারে গতকাল এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমবেশে বক্তব্য রাখেন সিপি আই (এম) রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য রাধাচরন দেববর্মা, বিধায়ক নয়ন সরকার প্রমুখ।

Congress Rally:

'সংবিধান বাঁচাও' কর্মসূচির অঙ্গ হিসেবে উদয়পুর জেলা কংগ্রেসের উদ্যোগে গতকাল মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। উদয়পুর জামতলাস্থিত কংগ্রেস অফিসের সামনে থেকে মিছিল শুরু হয়ে বিভিন্ন পথ পরিভ্রমণ করে। পরে এক পথ সভায় বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক মিলন কর, উদয়পুর জেলা কংগ্রেস কমিটির সভাপতি টিটন পাল প্রমুখ।

Health Camp:

আগরতলা বড়দোয়ালী মধ্যপাড়াস্থিত নব অঙ্গীকার সামাজিক সংস্থার ৪৮ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল মেগা স্বাস্থ্য শিবির ও বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের কর্পোরেটর শম্পা সরকার চৌধুরী প্রমুখ। স্বাস্থ্য শিবিরে বিশেষজ্ঞ চিকিৎসকরা স্বাস্থ্য পরীক্ষা করেন এবং রক্ত পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়।

World Laughter Day:

আগরতলার বিভিন্ন সামাজিক সংগঠন এবং ক্লাবের পাশাপাশি অল ত্রিপুরা লাফিং এন্ড হেলথ এসোসিয়েশনের উদ্যোগে গতকাল বিশ্ব হাসি দিবস উদযাপন করা হয়। এই উপলক্ষে রাজধানীর তুলসীবতি বালিকা বিদ্যালয়ের সামনে থেকে হাসির উপকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিভ্রমণ করে। বিশ্ব হাসি দিবসের মূল লক্ষ্য হলো হাসির মাধ্যমে বিশ্বজুড়ে শান্তি, ভ্রাতৃত্ব এবং বন্ধুত্বের চেতনা তৈরি করা। |

Weather:

আজ দুপুর পর্যন্ত আগরতলা ও তার পার্শ্ববর্তী এলাকায় আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ৩.৬ মিলিমিটার।
